



পশ্চিম মেদিনীপুর ঝাড়গ্রাম আনন্দবাজার পত্রিকা



রাহুল-স্মৃতি
কড়া কণ

২০ চৈত্র ১৪৩২ শনিবার ৪ এপ্রিল ২০২৬

২০ চৈত্র ১৪৩২ শনিবার ৪ এপ্রিল ২০২৬



মনের দেওয়াল

অদৃশ্য কিছু দেওয়াল থাকে সমাজে, মানব মনে। মানুষের বিচ্ছিন্নতাবোধ, ব্যক্তিগত স্বার্থ আর অবিশ্বাসে তৈরি হয় সেই দেওয়াল। এই বিষয়েই পথনাটিকা 'দেওয়াল'। বিশ্ব থিয়েটার দিবস উদযাপন উপলক্ষে ৩১ মার্চ বেলদার খাকুড়া বাজার এলাকায় হল অভিনয়। উদ্যোগে ভগবতীদেবী পিটিটিআই এবং ভগবতী দেবী শিক্ষা নিকেতন। এগরা কৃষ্টিচক্রের এই পরিবেশনার নেপথ্যে ছিলেন নাট্যকার সঞ্জয় চট্টোপাধ্যায় এবং প্রযোজক অনির্বাপ পয়ড়া। নাটকের মূল উপজীব্য ছিল মানুষের মনের সেই অদৃশ্য বেট্টনী, যা মুক্তচিন্তার পথ আগলে দাঁড়ায়। আধুনিক সমাজে নিজের সুবিধা ও লাভকে অন্যের

আগে প্রাধান্য দেওয়ার যে আত্মকেন্দ্রিক মানসিকতা সেটাই নাটকে 'দেওয়াল'। প্রগতির পথে অন্তরায় হয়ে দাঁড়ানো জরাজীর্ণ চিন্তাভাবনা ঝেড়ে ফেলে কী ভাবে মানবিক আলোর অভিমুখে এগিয়ে যাওয়া যায়, তারই শৈল্পিক প্রতিফলন দেখা গেল কুশীলবদের বলিষ্ঠ অভিনয় ও সংলাপে। আয়োজক সংস্থার কর্ণধার সিদ্ধার্থশঙ্কর মিশ্র জানানলেন, নাটক কেবল বিনোদন নয়, তা অনেক না-বলা কথা বলে। সেই কথাগুলো যদি সাধারণ মানুষের বোধ ও চেতনায় নাড়া দিতে পারে, তবেই চিন্তার পরিবর্তন সম্ভব। বিশ্ব থিয়েটার দিবসের উদযাপনে কেবল আনুষ্ঠানিকতা নয়, বরং নাটকের মাধ্যমে সমাজকে এক নতুন দিশা দেখানোর অঙ্গীকার।

